রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মংগলবার, নভেম্বর ২৩, ১৯৯৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

আভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(শুল্ক ও মূল্য সংযোজন কর)

**প্রজ্ঞাপন**

তারিখ, ৭ই অগ্রহায়ণ, ১৪০০/২১শে নভেম্বর, ১৯৯৩

এস, আর, ও নং ২২৯-আইন/৯৩/১৫৩৩/শুল্ক—Customs Act, 1969 (IV of 1969) এর section 19 এর মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ১৪(১) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে সরকার ২৭শে সেপ্টেম্বর, ১৯৮৯ মোতাবেক ১২ই আশ্বিন, ১৩৯৬ তারিখের এস, আর, ও ৩৩২-আইন/৮৯/১২৩৬/শুল্ক নং প্রজ্ঞাপনে নিম্নরূপ অধিকতর সংশোধন করিলেন, যথা:—

উপরি-উক্ত প্রজ্ঞাপনের দফা (২) এর পরিবর্তে নিম্নরূপ দফা (২) প্রতিস্থাপিত হইবে, যথা:

"(২) উক্তরূপ কোন একটি শিল্প প্রতিষ্ঠান শুধু ২০০০ সিসি পর্যন্ত গাড়ী (কার), পিকআপ, জীপ এবং মাইক্রোবাস, এই চার ধরনের যানবাহনের মধ্যে দুইটি যানবাহন আমদানি করিতে পারিবে।

তবে শর্ত থাকে যে, উক্ত শিল্প প্রতিষ্ঠান উক্তরূপ দুইটি যানবাহন ছাড়াও উপরে বর্ণিত চার ধরনের যানবাহনের মধ্য হইতে অতিরিক্ত আরও একটি যানবাহন এই প্রজ্ঞাপনে বর্ণিত



মূল্য: টাকা ১.০০

শুল্ক ও কর অব্যাহতির আওতায় আমদানী করিতে পারিবে যদি Bangladesh Export Processing Zones Authority এই মর্মে প্রত্যয়ন করে যে, সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠানটিতে—

(ক) কমপক্ষে দশ লক্ষ মার্কিন ডলার বা সমপরিমাণ অর্থ বিনিয়োগ করা হইয়াছে, এবং

(খ) কমপক্ষে পাঁচশত বাংলাদেশী নাগরিক নিয়োজিত রহিয়াছে।"

রাষ্ট্রপতির আদেশক্রমে
ডঃ আকবর আলী খান
সচিব।

[নথি নং ৩(৬)কান-১/৮৯]

মোঃ মিজানুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।